# বন্যাদুর্গত চট্টগ্রামের তিন উপজেলায় যাচ্ছেন প্রধানমন্ত্রী




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বন্যায় ক্ষতিগ্রস্ত চট্টগ্রামের তিন উপজেলা—হাটহাজারী, ফটিকছড়ি ও বাঁশখালী সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আগামী ৯ আগস্ট এ সফরের সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব সালেহ শিবলী।

তিনি জানান, প্রধানমন্ত্রীর চট্টগ্রাম সফরের সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। সফরকালে তিনি বন্যাদুর্গত মানুষের মধ্যে ত্রাণ বিতরণ করবেন। পাশাপাশি যেসব পরিবার বন্যায় ঘরবাড়ি হারিয়েছে, তাদের জন্য সরকারি উদ্যোগে নির্মিত নতুন বাড়িও হস্তান্তর করবেন।

প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটিই হবে তারেক রহমানের প্রথম চট্টগ্রাম সফর। এ উপলক্ষে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় প্রস্তুতি শুরু করেছে। একই সঙ্গে দলীয়ভাবেও তাকে স্বাগত জানাতে নানা কর্মসূচির প্রস্তুতি চলছে।

LENS ASIA

বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) জানিয়েছে, ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর জন্য নির্মাণাধীন বাড়িগুলোর কাজ প্রায় শেষ পর্যায়ে। সফরের সময় প্রধানমন্ত্রী এসব বাড়ির চাবি উপকারভোগীদের হাতে তুলে দেবেন। এছাড়া সংক্ষিপ্ত সমাবেশে অংশ নিয়ে দুর্গত মানুষের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করবেন।

সফর উপলক্ষে প্রধানমন্ত্রীর অবতরণের জন্য একটি হেলিপ্যাড প্রস্তুত করা হচ্ছে। সেখান থেকে তিনি পশ্চিম বাঁশখালী এলাকায় যাবেন। সেখানে সরকারি সহায়তায় পুনর্নির্মিত ১০০টি বাড়ি উপকারভোগীদের কাছে হস্তান্তরের পাশাপাশি ত্রাণ বিতরণ কর্মসূচিতেও অংশ নেওয়ার কথা রয়েছে।

চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক ইদ্রিস মিয়া জানান, প্রধানমন্ত্রীর সফর নিয়ে আলোচনা করতে তাকে এবং দলের সদস্য সচিবকে গুলশানে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ডাকা হয়েছে। সফর সফল করতে দলীয়ভাবে প্রস্তুতি নেওয়া হয়েছে বলেও তিনি জানান।

চট্টগ্রামের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ শরীফ উদ্দিন বলেন, সফরকে সামনে রেখে প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় প্রস্তুতি চলছে। আনুষ্ঠানিক সফরসূচি হাতে পাওয়ার পর বাকি কার্যক্রম সম্পন্ন করা হবে।